**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

**তথ্য অধিদফতর**

**বাংলাদেশ সচিবালয়**

**ঢাকা।**

# সংবাদ গতিধারা

**ঢাকা শুক্রবার ২৭ মে ২০১৬, ১৩ জ্যৈষ্ঠ ১৪২৩**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। জাপানে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে লাল গালিচা সংবর্ধনা

: জি-৭ সম্মেলনের মূল পর্বে ভাষণ দেবেন আজ

২। দেশের পাবলিক পরীক্ষায় এমসিকিউ পদ্ধতি বাতিল করুন

: মতবিনিময় সভায় বিশিষ্ট শিক্ষাবিদরা

৩। আসন্ন বাজেটে সুবিধাভোগী প্রতিবন্ধীর সংখ্যা ও ভাতা বাড়ানো হবে : অর্থমন্ত্রী

৪। শিল্প কারখানায় কাঙ্ক্ষিত মান নিশ্চিত করার নির্দেশ শিল্পমন্ত্রীর

৫। শ্রীলংকায় দুর্গতদের চিকিৎসা সামগ্রী পাঠাবে বাংলাদেশ

৬। ডিসিসির সিসিটিভি কার্যক্রম চমকপ্রদ ও অনন্য: স্পিকার

৭। আসন্ন রমজান উপলক্ষে মাংসের দাম নির্ধারণ করেছে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন

৮। পঞ্চম দফায় ইউনিয়ন পরিষদ নির্বাচন আগামীকাল

৯। একাদশ শ্রেণিতে ভর্তি প্রক্রিয়া শুরু

১০। সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রাক-প্রাথমিক স্তরের জন্য

মুক্তিযোদ্ধা কোটায় সাড়ে তিন হাজার শিক্ষক নিয়োগ বিজ্ঞপ্তি

১১। বিএনপি নেতা আসলাম চৌধুরীর বিরুদ্ধে রাষ্ট্রদ্রোহ মামলা

চলমান পাতা/২

১। **জাপানে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে লাল গালিচা সংবর্ধনা**

**: জি-৭ সম্মেলনের মূল পর্বে ভাষণ দেবেন আজ**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা চার দিনের সরকারি সফরে গতকাল ২৬ মে বৃহস্পতিবার সন্ধ্যায় জাপান পৌঁছালে তাকে লাল গালিচা সংবর্ধনা দেওয়া হয়। জাপানের প্রধানমন্ত্রী শিনজো আবে'র আমন্ত্রণে অনুষ্ঠিতব্য শিল্পোন্নত দেশসমুহের সম্মেলন জি-৭ এর আউটরিচ বৈঠকে অংশগ্রহণের জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনা চারদিনের সরকারি সফরে জাপান পৌঁছেন। গতকাল ২৬ মে বৃহস্পতিবার থেকে শুরু হওয়া দু'দিনব্যাপী জি-৭ সম্মেলনের অংশ হিসেবে আউটরিচ  বৈঠকটি মধ্য জাপানের দ্বীপ ইশেশিমায় আগামীকাল ২৮ মে শনিবার অনুষ্ঠিত হবে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং তার সফরসঙ্গীদের নিয়ে বাংলাদেশ বিমানের একটি ভিভিআইপি ফ্লাইট ৭টা ৫ মিনিটে (জাপানের স্থানীয় সময়) নাগোয়ার চুবু সেন্ট্রেইর আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করে। জাপানে বাংলাদেশের রাষ্টদূত রাবাব ফাতিমা এবং জাপানের পররাষ্ট্র বিষয়ক পার্লামেন্ট ভাইস মিনিস্টার মিকি ইয়ামাদা বিমানবন্দরে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ফুলের শুভেচ্ছা জানান। আজ ২৭ মে শুক্রবার প্রধানমন্ত্রী শেখ হাসিনা জি-৭ সম্মেলনে আউটরিচ বৈঠকে যোগ দিবেন এবং সেখানে ভাষণ দিবেন।

সূত্র- **সংবাদ** (শেষ পৃ.,ক.১), **ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **নিউজ টুডে** (পৃ.১,ক.৬), **ডেইলি সান** ( শেষ পৃ.,ক.১)।

**জনকণ্ঠ, ইত্তেফাক, প্রথম আলো, সংবাদ, সমকাল, যুগান্তর, ভোরের কাগজ, নিউজ টুডে, ফিনানশিয়াল এক্সপ্রেস, ডেইলি স্টার, ডেইলি সান, ইন্ডিপেনডেন্ট** ও **বাংলাদেশ টুডে** এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

২। **দেশের পাবলিক পরীক্ষায় এমসিকিউ পদ্ধতি বাতিল করুন : মতবিনিময় সভায় বিশিষ্ট শিক্ষাবিদরা**

দেশের পাবলিক পরীক্ষার আমূল সংস্কার চেয়ে বিশিষ্ট শিক্ষাবিদরা বলেছেন, অবিলম্বে পরীক্ষা থেকে এমসিকিউ  (বহুনির্বাচনী প্রশ্ন) প্রশ্ন পদ্ধতি উঠিয়ে দেওয়া উচিত ও সৃজনশীল পদ্ধতি সংস্কার দরকার। তারা নোট ও গাইড বই বন্ধ, শিক্ষাকার্যক্রম সংশোধন করে বইগুলো সহজভাবে তৈরি, সৃজনশীল বিষয়ের প্রশ্নব্যাংক তৈরি করে সেখান থেকে পরীক্ষা নেওয়াসহ বিভিন্ন সুপারিশ করেছেন। গতকাল ২৬ মে বৃহস্পতিবার রাজধানীর সিরডাপ মিলনায়তনে 'মাধ্যমিক শিক্ষার মান উন্নয়নে করণীয়' শীর্ষক এক মতবিনিময় সভায় এসব সুপারিশ করেন। শিক্ষা মন্ত্রণালয় আয়োজিত সভায় সভাপতিত্ব করেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। সূত্র- **সংবাদ** (পৃ.১,ক.৫), ), **সমকাল** (পৃ.২,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.২), **ডেইলি সান** (পৃ.১,ক.৮)। **ইত্তেফাক** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৩। **আসন্ন বাজেটে সুবিধাভোগী প্রতিবন্ধীর সংখ্যা ও ভাতা বাড়ানো হবে : অর্থমন্ত্রী**

দরিদ্র-বয়স্ক ও প্রতিবন্ধীদের দেখাশোনা করা রাষ্ট্রের দায়িত্ব বলে মন্তব্য করেছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। তিনি আরও বলেন, এ লক্ষ্যে আসন্ন ২০১৬-১৭ অর্থবছরের বাজেটে সুবিধাভোগী প্রতিবন্ধীর সংখ্যা ও তাদের ভাতা বাড়ানোর সিদ্ধান্ত নিয়েছে সরকার। আর বাজেটে প্রতিবন্ধীদের জন্য ৩ হাজার ১৪৯ কোটি

টাকা বরাদ্দের দাবি জানিয়েছে জাতীয় প্রতিবন্ধী ফোরাম। **১৪টি** মন্ত্রণালয়ের মাধ্যমে এ অর্থ বরাদ্দের দাবি জানানো হয়েছে। গতকাল ২৬ মে বৃহস্পতিবার সচিবালয়ে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিতের সঙ্গে প্রতিবন্ধী ফোরাম নেতৃবৃন্দের এক প্রাক-বাজেট আলোচনা অনুষ্ঠিত হয়। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.৩,ক.১), **ইত্তেফাক** (পৃ.১৮,ক.৬), **সমকাল** (পৃ.১২,ক.৭), **অবজারভার বিজনেস পাতা** (পৃ.১,ক.১)।

**৪। শিল্প কারখানায় কাঙ্ক্ষিত মান নিশ্চিত করার নির্দেশ শিল্পমন্ত্রীর**

দেশের একটি শিল্প কারখানাও যাতে কাঙ্ক্ষিত মানের বাইরে না থাকে তা নিশ্চিত করতে সর্বোচ্চ কর্মতৎপরতা অব্যাহত রাখার জন্য বিএসটিআই এর কর্মকর্তা-কর্মচারীদের নির্দেশনা দিয়েছেন শিল্পমন্ত্রী আমির হোসেন আমু। তিনি বলেন, জাতীয় মান নির্ধারণী প্রতিষ্ঠান হিসেবে বিএসটিআইকে আরো গতিশীল ও কার্যকর হতে হবে। এ লক্ষ্যে তিনি প্রতিষ্ঠানের কর্মকর্তা-কর্মচারীদের সেবার মানসিকতা নিয়ে কাজ করার পরামর্শ দেন। বিশ্ব মেট্রোলজি দিবস উপলক্ষে বিএসটিআই আয়োজিত “গতিশীল বিশ্বে পরিমাপ” শীর্ষক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে শিল্পমন্ত্রী এ নির্দেশনা দেন। রাজধানীর তেজগাঁওয়ে অবস্থিত মান ভবনে গতকাল ২৬ মে বৃহস্পতিবার এ অনুষ্ঠান আয়োজন করা হয়। সূত্র- **ইত্তেফাক** (পৃ.১৮,ক.৭), **জনকণ্ঠ** (পৃ.১৪,ক.১), **অবজারভার বিজনেস পাতা** (পৃ.১,ক.৬), **নিউ নেশন বিজনেস পাতা** (পৃ.১,ক.১)।

**৫। শ্রীলংকায় দুর্গতদের চিকিৎসা সামগ্রী পাঠাবে বাংলাদেশ**

শ্রীলংকায় বন্যা ও ভূমিধসে দুর্গতদের সাহায্যার্থে চিকিৎসা সামগ্রী ও ওষুধ পাঠাবে বাংলাদেশ। আজ ২৭ মে শুক্রবার প্রথম ধাপে ওষুধ পাঠানো হবে। স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশে বন্ধুপ্রতিম রাষ্ট্র শ্রীলংকায় দুর্গতদের সাহায্যার্থে এ চিকিৎসা সামগ্রী ও ওষুধ পাঠানোর সিদ্ধান্ত নেওয়া হয়েছে। শ্রীলংকা চাইলে চিকিৎসক ও নার্স প্রতিনিধি দলও পাঠানো হবে। ওষুধ প্রশাসন অধিদপ্তর, অ্যাসেনশিয়াল ড্রাগস কোম্পানি লিমিটেড ও ওষুধ শিল্প সমিতির সহায়তায় খাবার স্যালাইন, পানি বিশুদ্ধকরণ ট্যাবলেট, ডায়রিয়া ও পেটের পীড়ার ওষুধসহ বন্যা-পরবর্তী বিভিন্ন রোগের প্রতিষেধক পাঠানো হবে।

সূত্র- **সমকাল** (পৃ.৪,ক.৮), **ইনকিলাব** (পৃ.৫,ক.৮), **ডেইলি সান** (পৃ.৩,ক.১)।

**৬। ডিসিসির সিসিটিভি কার্যক্রম চমকপ্রদ ও অনন্য: স্পিকার**

জাতীয় সংসদের স্পিকার ও সিপিএ নির্বাহী কমিটির চেয়ারপার্সন ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, ঢাকা সিটি করপোরেশন গৃহীত সকল কার্যক্রমের মধ্যে সিসিটিভি কার্যক্রম একটি উল্লেখযোগ্য, চমকপ্রদ ও অনন্য কার্যক্রম। একে উন্নত বিশ্বের উন্নয়নশীল কার্যক্রমের সাথে তুলনা করা যায়। তিনি গত ২৫ মে বুধবার গুলশান ইয়ুথ ক্লাব মাঠে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের (ডিএনসিসি) মেয়রের দায়িত্ব গ্রহণের বর্ষপূর্তিতে গুলশান, বারিধারা, বনানী, নিকেতন সোসাইটি ও গুলশান ইয়ুথ ক্লাবের সহায়তায় এলওসিসি,ডিএমটি ও ডিএনসিসিসি’র প্রচেষ্টায় উত্তর সিটি কর্পোরেশন এলাকায় উচ্চ ক্ষমতাসম্পন্ন সর্বাধুনিক কন্ট্রোলরুমসহ সিসি টিভি ক্যামেরা

কার্যক্রমের উদ্বোধন উপলক্ষে প্রধান অতিথির বক্তব্যে একথা বলেন। সূত্র- **ইত্তেফাক** (পৃ.৩,ক.১), **সংবাদ** (শেষ পৃ.,ক.৩), **নিউজ টুডে** (পৃ.৩,ক.২), **ডেইলি সান** (পৃ.২,ক.১)।

**৭। আসন্ন রমজান উপলক্ষে মাংসের দাম নির্ধারণ করেছে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন**

আসন্ন রমজানে গরু, মহিষ ও ছাগলের মাংসের দাম নির্ধারণ করে দিয়েছে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন। গতকাল ২৬ মে বৃহস্পতিবার ব্যবসায়ীদের সঙ্গে এক মতবিনিময় সভায় এ বিষয়ে সিদ্ধান্ত হয়। সিদ্ধান্ত অনুযায়ী, রমজানে কেজি প্রতি দেশি গরুর মাংস ৪২০ টাকা, খাসির মাংস ৫৭০ টাকা, ভেড়া ও বকরির মাংস ৪৭০ টাকা এবং মহিষের মাংস ৪০০ টাকা দরে বিক্রি করতে রাজি হয়েছেন ব্যবসায়ীরা। রমজানে মাংসের দাম স্থিতিশীল রাখাসহ রাসায়নিকবিহীন ফল, বিশুদ্ধ খাবার বিক্রয়, পরিস্কার-পরিচ্ছন্ন পরিবেশ বজায় রাখাসহ বিভিন্ন বিষয়ে মাংস ব্যবসায়ী, হোটেল বা রেস্তোরাঁ এবং ফল ব্যবসায়ী নেতাদের সঙ্গে নগর ভবনে এ মতবিনিময় সভার আয়োজন করা হয়। মেয়র মোহাম্মদ সাঈদ খোকন এতে সভাপতিত্ব করেন। সূত্র- **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫), **সমকাল** (পৃ.২,ক.৫), ),**অবজারভার** (পৃ.৩,ক.৫), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৪)।

**৮। পঞ্চম দফায় ইউনিয়ন পরিষদ নির্বাচন আগামীকাল**

আগামীকাল ২৮ মে শনিবার ইউনিয়ন পরিষদ নির্বাচনের পঞ্চম দফায় ভোট গ্রহণ করা হবে। নির্বাচন কমিশন জানিয়েছে, শান্তিপূর্ণ পরিবেশে নির্বাচন অনুষ্ঠানের জন্য নির্বাচনী এলাকায় আইনশৃঙ্খলা বাহিনী টহল শুরু করেছে। গতকাল ২৬ মে বৃহস্পতিবার মধ্যরাত থেকেই নির্বাচনী এলাকায় সব ধরনের প্রচার বন্ধ হয়ে গেছে। যান চলাচলের ওপর নিষেধাজ্ঞা দেওয়া হয়েছে। কমিশন জানিয়েছে, এ দফায় নির্বাচনের জন্য ব্যালট পেপারসহ ভোটার সরঞ্জাম ইতোমধ্যে সংশ্লিষ্ট জেলা নির্বাচন কর্মকর্তার কার্যালয়ে পৌঁছানো হয়েছে। আজ রাতে তা নিরাপত্তা বেষ্টনীর মাধ্যমে সংশ্লিষ্ট ভোটকেন্দ্র পৌঁছে যাবে। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৪), **সংবাদ** (পৃ.১,ক.৭), **নিউ নেশন** (পৃ.১,ক.৬), **নিউ এজ** (পৃ.১,ক.২)।

**৯। একাদশ শ্রেণিতে ভর্তি প্রক্রিয়া শুরু**

গতকাল ২৬ মে বৃহস্পতিবার সকাল সাড়ে ৯ টা থেকে অনলাইনের পাশাপাশি এসএমএসের মাধ্যমে একাদশ শ্রেণিতে ভর্তির আবেদন নেওয়া শুরু করে আন্তঃশিক্ষাবোর্ড সমন্বয় সাব-আবেদন কমিটি। আবেদন করা যাবে ৯ জুন রাত ১১টা ৫৯ মিনিট পর্যন্ত। একাদশ শ্রেণিতে ভর্তির প্রথম দিনেই ব্যাপক সাড়া মিলেছে। গতকাল ২৬ মে বৃহস্পতিবার প্রথম ১১ ঘন্টায় সন্ধ্যা (সন্ধ্যা সাড়ে ৭টা পর্যন্ত) অনলাইন ও এসএমএস মিলে সাড়ে ৪৮ হাজার আবেদন পড়েছে। ১৪ হাজার ৬০ জন শিক্ষার্থী এই আবেদন করেছে। ভর্তির জন্য মনোনীত শিক্ষার্থীদের তালিকা প্রকাশ করা হবে ১৬ জুন। মেধা তালিকা থেকে ১৮ থেকে ২২ জুন এবং অপেক্ষমাণ তালিকা থেকে ২৩ থেকে ৩০ জুন পর্যন্ত শিক্ষার্থী ভর্তি হতে পারবেন। আর বিলম্ব ফি দিয়ে ১০ থেকে ২০ জুলাই পর্যন্ত ভর্তি হতে পারবেন শিক্ষার্থীরা। একাদশের ক্লাস শুরু হবে ১০ জুলাই। যারা পুনঃনিরীক্ষার আবেদন করেছেন তাদেরও এই সময়সীমা মানতে হবে। সূত্র- **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.২),সূত্র- **যুগান্তর** (পৃ.১,ক.১), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.১),

**অবজারভার** (পৃ.১,ক.২), **নিউ নেশন** (পৃ.১,ক.৬)।

**১০। সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রাক-প্রাথমিক স্তরের জন্য**

**মুক্তিযোদ্ধা কোটায় সাড়ে তিন হাজার শিক্ষক নিয়োগ বিজ্ঞপ্তি**

সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রাক-প্রাথমিক স্তরের জন্য মুক্তিযোদ্ধা কোটায় ৩ হাজার ৪৪০ জন সহকারী শিক্ষক নিয়োগ করা হবে। এ লক্ষ্যে গতকাল ২৬ মে বৃহস্পতিবার নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করেছে প্রাথমিক শিক্ষা অধিদফতর। বিজ্ঞপ্তিতে জানা যায়, মুক্তিযোদ্ধা কোটায় প্রার্থীরা আগামী ৩০ মে সকাল সাড়ে ১০টা থেকে ৩০ জুন রাত ১১টা ৫৯ মিনিট পর্যন্ত অনলাইনে আবেদন করতে পারবেন। আগের মতোই তিন পার্বত্য জেলা রাঙ্গামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান ছাড়া বাকি ৬১ জেলার প্রার্থীরা আবেদন করতে পারবেন। ওই তিন জেলা পরিষদ আলাদাভাবে শিক্ষক নিয়োগ দেবে। বিজ্ঞপ্তিটি প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় ও প্রাথমিক শিক্ষা অধিদফতরের ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। সূত্র- **যুগান্তর** ( পৃ.২,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.২,ক.৫), **সংবাদ** (পৃ.১৫,ক.৭)।

**১১। বিএনপি নেতা আসলাম চৌধুরীর বিরুদ্ধে রাষ্ট্রদ্রোহ মামলা**

বিএনপি নেতা আসলাম চৌধুরীর বিরুদ্ধে রাজধানীর গুলশান থানায় রাষ্ট্রদ্রোহ মামলা দায়ের করা হয়েছে। গতকাল ২৬ মে বৃহস্পতিবার ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশের (ডিবি) ইন্সপেক্টর গোলাম রাব্বানি বাদী হয়ে গুলশান থানায় এ মামলাটি দায়ের করেন। মামলায় তার বিরুদ্ধে সরকার উৎখাতের ষড়যন্ত্র ও রাষ্ট্রবিরোধী কর্মকাণ্ডে জড়িত থাকার অভিযোগ আনা হয়। সূত্র- **যুগান্তর** (শেষ পৃ.,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **ডেইলি সান** (পৃ.১,ক.৭), **অবজারভার** (পৃ.১,ক.৮), **সংবাদ, ভোরের কাগজ** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।